

নম্বর: ০৫.৩০.৬৮০০.১১১.৩৮.০০৩-২৪.২৬৪

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩১  
৩০ এপ্রিল ২০২৪

## আগ্নেয়াস্ত্র বহন ও প্রদর্শনে নিষেধাজ্ঞা সংক্রান্ত “গণবিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন -২০২৪ এর ঘোষিত তফসিল অনুযায়ী আগামী ০৮ মে ২০২৪, ২১ মে ২০২৪ এবং ২৯ মে ২০২৪ তারিখ যথাক্রমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পর্বের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, রাজনৈতিক শাখা-৪ এর ২৯/০৪/২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-১৪৫ নম্বর স্মারকে প্রাপ্ত নির্দেশনা মোতাবেক এবং উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে নরসিংদী জেলার ০৬ টি উপজেলা পরিষদ নির্বাচনে ভোটগ্রহণের পূর্ববর্তী ০৭ (সাত) দিন হতে ভোটগ্রহণের পরবর্তী ০৭ (সাত) দিন পর্যন্ত আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণকে অস্ত্রসহ চলাফেরা, অস্ত্র বহন ও প্রদর্শনের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

- ০২। এ আদেশ লংঘনকারীদের বিরুদ্ধে The Arms Act 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।  
০৩। এ আদেশ আইন-শৃঙ্খলা রক্ষার সহিত সংশ্লিষ্ট বাহিনীর সদস্য এবং বিভিন্ন সরকারী, আধা-সরকারী এবং বেসরকারী দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

ড. বদিউল আলম

জেলা ম্যাজিস্ট্রেট

ফোন : ০২২২৪৪-৫২৫০০

ফ্যাক্স : ০২৯৪-৬৪৪৩৩

ই-মেইল: [dcnarsingdi@mopa.gov.bd](mailto:dcnarsingdi@mopa.gov.bd)

নম্বর: ০৫.৩০.৬৮০০.১১১.৩৮.০০৩.২৪-২৬৪

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩১  
৩০ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৩। বিভাগীয় কমিশনার, ঢাকা
- ৪। পুলিশ সুপার, নরসিংদী
- ৫। অধিনায়ক, ৬৩ বিজিবি, গাজীপুর ব্যাটালিয়ান
- ৬। অধিনায়ক, র্যাব-১১, নারায়ণগঞ্জ
- ৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও রিটার্নিং অফিসার, -----উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪
- ৮। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/শিক্ষা ও আইসিটি/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট), নরসিংদী
- ৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, নরসিংদী
- ১০। জেলা নির্বাচন অফিসার ও রিটার্নিং অফিসার, -----উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪
- ১১। উপজেলা নির্বাহী অফিসার ----- (সকল), নরসিংদী
- ১৩। সহকারী কমিশনার (গোপনীয়) [গণবিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ১৪। জেলা তথ্য অফিসার, নরসিংদী [গণবিজ্ঞপ্তিটি নির্বাচনী এলাকায় মাইকযোগে প্রচারের জন্য অনুরোধ করা হলো]।
- ১৫। জনাব-----

জেলা ম্যাজিস্ট্রেট

নরসিংদী